

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৬৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৭৩]

১৫। ই'তিকাফ (فاكتداا باتك)

পরিচ্ছেদঃ ২, ইতিকাফে ইচ্ছুক ব্যক্তি কখন ইতিকাফের স্থানে প্রবেশ করবে

باب مَتَى يَدْخُلُ مَنْ أَرَادَ الإعْتِكَافَ فِي مُعْتَكَفِهِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا أَبُو مُعَاوِيَة، عَنْ يَحْيَى بْنِ سَعِيد، عَنْ عَمْرَة، عَنْ عَائِشَة، _ رضى الله عنها _ قالَت كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا أَرَادَ أَنْ يَعْتَكِفَ صلَّى الْفَجْرَ ثُمَّ دَخَلَ مُعْتَكَفَهُ وَإِنَّهُ أَمَر بِخِبَائِهِ فَضُرِبَ أَرَادَ الإِعْتِكَافَ فِي الْعَشْرِ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ فَأَمَرَتْ زَيْنَبُ بِخِبَائِهَا فَصْبُرِبَ وَأَمَرَ غَيْرُهَا مِنْ أَزْوَاجِ النَّبِيِ صلى الله عليه وسلم بِخِبَائِهِ فَصْبُرِبَ فَلَمَّا صَلَّى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْفَجْرَ نَظَرَ فَإِذَا الأَخْبِيَةُ فَقَالَ " آلْبِرَّ تُرِدْنَ " . فَأَمَرَ بِخِبَائِهِ فَقُوضَ وَتَرَكَ الإِعْتِكَافَ فِي شَهْرِ رَمَضَانَ حَتَّى اعْتَكَفَ فِي الْعَشْرِ الأَوَّلِ مِنْ شَوَّالٍ .

বাংলা

২৬৭৫-(৬/১১৭৩) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) 'আয়িশাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম ইতিকাফ করার ইচ্ছা করলে ফজরের সালাত (সালাত/নামাজ/নামায) আদায়ের পর ইতিকাফের স্থানে প্রবেশ করতেন। একবার তিনি (মসজিদের অভ্যন্তরে) তাঁবু খাটানোর নির্দেশ দিলেন এবং তদানুযায়ী তা খাটানো হল। তিনি রমযানের শেষ দশকে ইতিকাফ করার সংকল্প করলেন। উম্মুল মু'মিনীন যায়নাব (রাযিঃ)-ও তার তাবু খাটিয়ে দেয়ার নির্দেশ দিলেন এবং তা খাটানো হল। অতঃপর নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর অপরাপর স্ত্রীগণও নিজ নিজ তাঁবুগুলো খাটানোর নির্দেশ দিলেন এবং তা খাটানো হল। ফজরের সালাত শেষে রস্লুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম তাকিয়ে তাঁবুগুলো খুলে ফেলার নির্দেশ দিলেন এবং তা তুলে ফেলা হল। তিনি রমযানের ইতিকাফ ভঙ্গ করলেন এবং শাওওয়াল মাসের প্রথম দশকে কাযা করলেন।* (ইসলামিক ফাউভেশন ২৬৫২, ইসলামীক সেন্টার ২৬৫১)

English

'A'isha (Allah be pleased with her) reported that when the Messenger of



Allah (ﷺ) decided to observe i'tikaf, he prayed in the morning and then went to the place of his i'tikaf, and he commanded that a tent should be pitched for him, and it was pitched. He (once) decided to observe i'tikaf in the last ten days of Ramadan. Zainab (the wife of the Holy Prophet) commanded that a tent should be pitched for her. It was pitched accordingly. And some other wives of Allah's Apostle (ﷺ) commanded that tents should be pitched for them too. And they were pitched. When the Messenger of Allah (may peace he upon him) offered the morning prayer, he looked and found (so many) tents. Thereupon he said:

What is this virtue that these (ladies) have decided to acquire? He commanded his tent to be struck and abandoned i'tikaf in the month of Ramadan and postponed it to the first ten days of Shawwal.

ফুটনোট

* রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খেয়াল করলেন, এতে স্ত্রীদের অহংকার এসে গিয়েছিল এবং তাদের মধ্যে ইতিকাফ করার মর্যাদা লোপ পায়, তারা বরং অন্যের দেখাদেখি ইতিকাফ করতে তাবু খাটায়। ফলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রম্যানে ইতিকাফ স্থগিত করে তার পরিবর্তে শাওওয়াল মাসে ইতিকাফ পূর্ণ করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন